

নদীয়া জিলা পরিষদ
কৃষ্ণনগর, নদীয়া

নিলাম নোটিশ

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, নদীয়া জিলা পরিষদের অধীনস্থ চাপড়া বাসষ্টপ সংলগ্ন নদীয়া জিলা পরিষদ কর্তৃক নির্মিত চাপড়া মার্কেট কমপ্লেক্সের ৩টি দোকানঘরের জন্য প্রকাশ্য নিলাম কৃষ্ণনগর, নদীয়া জেলা পরিষদ অফিসে নিম্নের নির্ঘণ্ট অনুযায়ী অনুষ্ঠিত হইবে। নিলামে অংশগ্রহণ করিতে ইচ্ছুক ব্যক্তিবর্গকে ঐ দিন ঐ সময়ে উক্ত স্থানে নিলামে উপস্থিত থাকিয়া অংশগ্রহণ করিতে অনুরোধ করা হইতেছে। ঐ নিলামে প্রত্যেক অংশগ্রহণকারীকে ডাকের পূর্বে জামানত হিসাবে নির্ঘণ্টে উল্লিখিত অঙ্কের টাকা ব্যাংক ড্রাফ্টের (এফ.সি অ্যাণ্ড সি.এ.ও নদীয়া জিলা পরিষদের অনুকূলে) মাধ্যমে জমা দিতে হইবে (ফেরৎ যোগ্য)। সর্বোচ্চ নিলামকারীকে ডাকের সম্পূর্ণ টাকা ব্যাংক ড্রাফ্টের মাধ্যমে নিলাম অনুমোদনের সাতদিনের মধ্যে জমা দিতে হইবে এবং জিলা পরিষদের সাথে চুক্তিবদ্ধ হইতে হইবে। অন্যথায় উক্ত নিলাম বাতিল বলিয়া গণ্য হইবে এবং জামানত বাজেয়াপ্ত করা হইবে। নিলামে অংশগ্রহণকারীকে ৫০০=০০ (পাঁচশত) টাকার গুণিতক হারে বৃদ্ধি করিয়া ডাকিতে হইবে। একজন ব্যক্তি সর্বাধিক তিনটি ঘরের জন্য উপযুক্ত জামানত জমা দিয়া নিলামে অংশগ্রহণ করিতে পারিবেন। প্রত্যেকটি ঘরের জন্য কমপক্ষে তিন জন ব্যক্তি নিলামে অংশগ্রহণ করিলে উক্ত ডাক গ্রাহ্য হইবে। অন্যথায় উক্ত ডাকটি অগ্রাহ্য হইবে। ডাক দাতা কখনই জিলা পরিষদ কর্তৃক সংরক্ষিত মূল্যের কম মূল্যে ডাক দিতে পারিবেন না। প্রত্যেক অংশগ্রহণকারীকে ভারতীয় নাগরিক এবং কমপক্ষে ১৮ বৎসর বয়স হইতে হইবে এবং স্বাভাবিক ও মানসিকভাবে সুস্থ হইতে হইবে। প্রয়োজনবোধে জিলা পরিষদ কর্তৃপক্ষ নিলাম ডাকে অংশগ্রহণকারীর ভারতীয় নাগরিকত্বের প্রমাণপত্র /ভোটদানের পরিচয় পত্র/বসবাসকারী ও বয়সের শংসাপত্র / প্যানকার্ড দেখিতে চাইলে অংশগ্রহণকারী দেখাইতে বাধ্য থাকিবেন। এই ডাক চলাকালীন সময়ে প্রত্যেক অংশগ্রহণকারী নদীয়া জিলা পরিষদ কর্তৃক নির্ধারিত আচরণবিধি মানিয়া চলিতে বাধ্য থাকিবেন। কোন রকম কারণ না দর্শাইয়া সর্বোচ্চ নিলাম ডাক গ্রহণ অথবা বাতিল করিবার ক্ষমতা একান্তভাবে নদীয়া জিলা পরিষদ কর্তৃপক্ষের এজিয়ারভুক্ত থাকিবে।

পূর্বে যাহারা ঘর নিয়াছিলেন, তাহারা মাসিক ভাড়া ২০১৯ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত পরিশোধ করিলে নিলামে অংশগ্রহণ করিতে পারিবেন।

:: নিলাম-নির্ঘণ্ট ::

ঘরের বিবরণ	ঘরের নং	উন্নয়নখাতে সংরক্ষিত মূল্য (প্রত্যেকটি)	জামানতের মূল্য (প্রত্যেকটি)	নীলাম ডাকের তারিখ ও সময়	মাসিক ঘর ভাড়া
সি ব্লকের প্রত্যেকটি ১০ফুট X ১২ফুট	৬২	৩০০০০=০০ (ত্রিশ হাজার টাকা)	৫০০০=০০ (পাঁচ হাজার টাকা)	১৮.১১.২০১১ দুপুর ১২:০০ টা	ধার্য মাসিক ভাড়া প্রত্যেক ঘর বাবদ ৪০০=০০ (চারশত) টাকা।
ই ব্লকের প্রত্যেকটি ৮ফুট X ১০	৮৬,৯২	২৫০০০=০০ (পঁচিশ হাজার টাকা)	৫০০০=০০ (পাঁচ হাজার টাকা)		ধার্য মাসিক ভাড়া প্রত্যেক ঘর বাবদ ৩০০=০০ (তিনশত) টাকা।

Sd/-
সচিব
নদীয়া জিলা পরিষদ

পত্রাংক: ৩৮৮৬(১৮)/চাপড়া মার্কেট

তারিখ: ০২/ ১১/২০১১

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হল।

- ১। সভাপতি, নদীয়া জিলা পরিষদ।
- ২। নির্বাহী আধিকারিক নদীয়া জিলা পরিষদ ও জেলা সমাহর্তা, নদীয়া।
- ৩। অধ্যক্ষ, নদীয়া জিলা পরিষদ।
- ৪। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, নদীয়া জিলা পরিষদ।
- ৫-৬। মহকুমা শাসক, কৃষ্ণনগর সদর ও তেহট্ট মহকুমা।
- ৭। এফ.সি অ্যাণ্ড সি.এ.ও, নদীয়া জিলা পরিষদ।
- ৮। আপ্ত সহায়ক, সচিব, নদীয়া জিলা পরিষদ।
- ৯। জেলা তথ্য আধিকারিক, নদীয়া।
- ১০-১৫। সমষ্টি উন্নয়ন আধিকারিক, কৃষ্ণনগর-১/২, নাকাশিপাড়া, চাপড়া, কৃষ্ণগঞ্জ ও তেহট্ট-১ ব্লক।
- ১৬। অফিস নোটিশ বোর্ড।
- ১৭। গার্ড ফাইল।
- ১৮। জেলা পরিষদের ওয়েব সাইট, www.nadiazilla.parishad.gov.in

Sd/-
সচিব
নদীয়া জিলা পরিষদ